

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৫০-আইন/২০২৬/০৫/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯১-আইন/২০২৫/১৩/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading-

- (ক) 69.01 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S code বিলুপ্ত হইবে;
- (খ) 69.02 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S code বিলুপ্ত হইবে;
- (গ) 70.19 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S code বিলুপ্ত হইবে;
- (ঘ) 84.14 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code “8414.59.20” এর পর H.S. Code “8414.70.00” সন্নিবেশিত হইবে;
- (ঘ) 84.21 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code “8421.21.93” এর পর H.S. Code “8421.21.95” সন্নিবেশিত হইবে; এবং
- (ঙ) 84.50 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code “8450.90.00” বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ  
সচিব।